114

দৈনিক ইনকিলাব

তারিখ ... 23 NOV 1997... ...
পৃষ্ঠা: 7 কলাম 2

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ঐক্যের ডাকে ভিসি অফিস ঘেরাও

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মুজিববাদী ছাত্র লীগসহ সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র ঐক্য গতকাল (শনিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অফিস ২ ঘন্টা ঘেরাও করে রাখে। অন্যদিকে ইসলামী ছাত্র শিবির আজ ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী সমাবেশের ডাক দিয়েছে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

গত ১৬ নভেম্বর রেলস্টেশনে ছাত্র লীগ কর্মীদের উপর হামলার প্রতিবাদ, বকুল হত্যাকারীদের গ্রেফতার, ত্রুটিপূর্ণ সিট বাতিল ও নতুন করে সিট বণ্টনসহ হলসমূহ হতে অস্ত্র উদ্ধারের দাবীতে গতকাল বেলা ১১টায় ছাত্র লীগসহ সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র ঐক্যের কর্মীরা ভিসি অফিস ঘেরাও করে। এ সময় এক বিক্ষোভ সমাবেশে শাহজাহান চৌধুরী, নূরুল আবছার, খোকন দাস, জহিরুদ্দিন মাহমুদ লিপটন, মনসুর আহমদ প্রমুখ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।